জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং: ১৬(০১)জাতী:বি:/পিজিডি/এলআইএস/২০২০-২১/০৫ তারিখ : ০৩/০৮/২০২০

২০২০-২০২১ শিক্ষাবর্ষে এনইউ অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (**www.nu.ac.bd/admissions**)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এক বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **ভর্তির অনলাইন প্রাথমিক আবেদন ০৬ আগষ্ট বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৩ আগষ্ট ২০২০ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে।** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং সোনালী সেবার মাধ্যমে প্রাথমিক আবেদন ফি বাবদ **৫২৫/- (পাঁচশত পঁচিশ)** টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে **২৫ আগষ্ট ২০২০** তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

কোভিড-১৯ মহামারি পরিস্থিতিতে এই ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা না নিয়ে শুধুমাত্র তাদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফল ও অনলাইন মৌখিক পরীক্ষার ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। **চূড়ান্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে শুরু হবে।**

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান)/সমমান ডিগ্রীধারী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্তানুযায়ী যোগ্য বিবেচিত হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল–ক্যাম্পাসে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে ভর্তি হতে পারবে। শিক্ষাজীবনে এসএসসি থেকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত সনাতন পদ্ধতিতে ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম বিভাগ ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ ২ পয়েন্ট এবং তৃতীয় বিভাগ ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে ০৭ (সাত) পয়েন্ট থাকতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

গ) **প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master's Tab থেকে Apply Now (NU on Campus PGD in Library & Information Science) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এছাড়াও আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে।**

খ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.**

গ) কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** সিলেক্ট করে PGD in Library and Information Science login অপশনে রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। তবে সোনালী সেবার মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার পর প্রার্থী ফরম বাতিল করতে পারবে না। আবেদনকারী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) Download Pay Slip অপশন থেকে সোনালী সেবার পে-স্লিপ Print করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

৩। পে-স্লিপের মাধ্যমে ফি' জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড

ক) পে-স্লিপ Print করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে প্রার্থী তার পে-স্লিপে উল্লিখিত রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login (PGD in Library & Information Science) অপশনে থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবে। উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ফি' জমা দেয়ার ৪৮ ঘন্টার মধ্যে কোন প্রার্থী SMS না পেলে নিম্নস্বাক্ষরকারী বরাবর তা জানাতে হবে।

খ) প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোন প্রার্থীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে না।

নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন:

Online Form Fill Up → Download & Print Pay Slip → Submit it to the Bank → Will get SMS form Bank & NU → After Getting SMS from NU Download Application Form & Print (Using Roll No. & Pin)

৪। মেধাক্রম প্রণয়নে নম্বর বন্টন পদ্ধতি

এসএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর/জিপিএ এর ১৫%	এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর/জিপিএ এর ২৫%	স্নাতক/সমমান পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর/সিজিপিএ এর ৪০%	অনলাইন মৌখিক পরীক্ষা ২০%	মোট প্রাপ্ত নম্বর
১৫	২৫	৪০	২০	১০০

বি:দ্র: যদি দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত মোট নম্বর একই হয়, তা হলে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

৫। প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সময়সূচি

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	**অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ:**	০৬/০৮/২০২০ থেকে ২৩/০৮/২০২০
খ)	**সোনালী সেবার মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ:** প্রার্থী প্রতি **৫২৫/- (পাঁচশত পঁচিশ)** টাকা হারে Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ০২১৮১০০০০২৭০১ (এমফিল/পিএইচডি খাত) উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে।	০৯/০৮/২০২০ থেকে ২৪/০৮/২০২০
গ)	**প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:** **উল্লেখ্য যে, অনলাইন মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।** অন-লাইন মৌখিক পরীক্ষা নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী ZOOM অ্যাপের মাধ্যমে সম্পন্ন হবে। পরীক্ষার পূর্বে প্রত্যেক প্রার্থীর মোবাইলে ZOOM ID এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে।	০৯/০৮/২০২০ থেকে ২৫/০৮/২০২০
ঘ)	**মেধা তালিকা প্রকাশের তারিখ:**	০৩/০৯/২০২০
ঙ)	**মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তির Pay Slip ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:** এক বছর মেয়াদী এ কোর্সের ফি সর্ব সাকুল্যে ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাঁচশত) টাকা দুই কিস্তিতে সোনালী সেবার মাধ্যমে গ্রহণ করা হবে। প্রথম কিস্তির ১২,২৫০/- (বার হাজার দুইশত পঞ্চাশ) টাকা ভর্তির সময় সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। দ্বিতীয় কিস্তি পরবর্তী তিন মাসের মধ্যে সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। (বিস্তারিত ভর্তির প্রসপেক্টাস-এ উল্লেখ থাকবে)।	০৬/০৯/২০২০ থেকে ১৪/০৯/২০২০
চ)	**কোভিড-১৯ মহামারিকালীণ পরিস্থিতিতে অনলাইন ক্লাশ শুরুর তারিখ:**	**১৫/০৯/২০২০**

৬। **কোভিড-১৯ মহামারীকালীন পরিস্থিতিতে শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় এনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এনইউ অন-ক্যাম্পাস পিজিডি ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত প্রাথমিক আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফিসের হার বিগত বছরের তুলনায় ২৫% হ্রাস করে নিম্নরূপ নির্ধারণ করা হলো:**

ক) **প্রাথমিক আবেদন ফি**

প্রাথমিক আবেদন ফি:	বিগত বছরে	অত্র বছরে
	৭০০/- (সাতশত) টাকা	৫২৫/- (পাঁচশত পঁচিশ) টাকা

খ) **রেজিস্ট্রেশন ফি**

রেজিস্ট্রেশন ফি:	বিগত বছরে	অত্র বছরে
	২,০০০/- (দুই হাজার) টাকা	১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা

► **এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

০৩/০৮/২০২০

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন
লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স
মোবাইল-০১৭১৩০৯২৭৯২
ই-মেইল: *mitulnasiruddin@gmail.com*

স্মারক নং: ১৬(০১)জাতী:বি:/পিজিডি/এলআইএস/২০২০-২১/০৫ তারিখ : ০৩/০৮/২০২০

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয় ।
২. সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান,জাতীয় বিশ্ববিদ্যালয় ।
৩. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয় ।
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও অনলাইনে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮. অফিস কপি।